ঢাকা বোর্ড-২০১৬

অর্থনীতি-প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ০ | ৯ |

সময়-২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১. ▶জনাব মুকুল 'A' দেশে বাংলাদেশি দূতাবাসের একজন কর্মকর্তা হিসেবে নিয়োগ পেলেন। তিনি দেখতে পেলেন 'A' দেশে সকল সম্পদের মালিক রাষ্ট্র। সে দেশের নাগরিকেরা যোগ্যতা অনুযায়ী কাজ করেন এবং কাজের পরিমাণ অনুযায়ী মজুরি পান। কেন্দ্রীয় পরিকল্পনার মাধ্যমে উৎপাদন ও বণ্টন পরিচালিত হয়। অথচ বাংলাদেশের পরিস্থিতি সম্পূর্ণ ভিন্ন।

ক. নির্বাচন বলতে কী বোঝায়? ১

খ. 'সম্পদের ব্যক্তি মালিকানা ধনতান্ত্রিক অর্থব্যবস্থায় শ্রেণি বৈষম্য সৃষ্টি করে'—ব্যাখ্যা কর। ২

গ. 'A' দেশে প্রচলিত অর্থব্যবস্থা কোন ধরনের অর্থনৈতিক ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ? ৩

ঘ. 'A' দেশে বাংলাদেশের অনুরূপ অর্থনৈতিক ব্যবস্থা প্রচলন করতে হলে কী কী ব্যবস্থা গ্রহণ করা উচিত বলে তুমি মনে কর? ৪

২. ▶দেয়া আছে $Q = 12 - 2P$

ক. চলক কী? ১

খ. মোট উপযোগ বৃদ্ধি পেলে প্রান্তিক উপযোগ সর্বদা বৃদ্ধি পায় না— ব্যাখ্যা কর। ২

গ. প্রদত্ত সমীকরণ থেকে চাহিদা সূচি তৈরি করে চাহিদা রেখা অংকন কর। ৩

ঘ. দ্রব্যের দাম ২ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৩ টাকা হলে স্থিতিস্থাপকতার ভিত্তিতে দ্রব্যের প্রকৃতি নির্ণয় কর। ৪

৩. ▶একটি ফার্মের স্বল্পকালীন ভারসাম্য অবস্থা নিম্নের চিত্রে দেখানো হলো:



http://teachingbd.com

ক. ফার্ম কী? ১
খ. একচেটিয়া বাজারে ফার্ম ও শিল্প অভিন্ন— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্র থেকে সংশ্লিষ্ট ফার্মটির মুনাফা নির্ণয় কর। ৩
ঘ. গড় খরচ বৃদ্ধি পেয়ে ২০ টাকা হলে ফার্ম উৎপাদন চালিয়ে যাবার ব্যাপারে কী সিদ্ধান্ত নেবে? ৪

৪. ▶ করিম মিয়ার কৃষি খামারে অন্যান্য উপকরণ ও কলাকৌশল স্থির রেখে শুধুমাত্র শ্রমের নিয়োগ বৃদ্ধি করার কারণে মোট উৎপাদন বৃদ্ধির পরিমাণ নিম্নের ছকে দেখানো হলো:

শ্রম নিয়োগ	মোট উৎপাদন
১ জন	৪ মণ
২ জন	১০ মণ
৩ জন	১৪ মণ
৪ জন	১৭ মণ

ক. উৎপাদন কী? ১
খ. গড় স্থির ব্যয়ের পরিমাণ কি শূন্য হতে পারে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে করিম মিয়ার কৃষি খামারের মোট উৎপাদন রেখা অংকন কর। ৩
ঘ. করিম মিয়ার কৃষি খামারে উৎপাদন ক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধিটি কার্যকর কিনা মন্তব্য কর। ৪

৫. ▶ নিম্নে বাজার ভারসাম্যের একটি কাল্পনিক তালিকা দেয়া হলো:

দ্রব্যের দাম (P) (টাকায়)	চাহিদার পরিমাণ (Qd) (কেজি)	যোগানের পরিমাণ (Qd) (কেজি)
১	৪০	২০
২	৩০	৩০
৩	২০	৪০
৪	১০	৫০

ক. বাজার ভারসাম্য কাকে বলে? ১
খ. দাম স্থির থেকে রুচির পরিবর্তন হলে চাহিদা রেখার ক্ষেত্রে কোন ধরনের পরিবর্তন ঘটবে? ২
গ. উপরোক্ত উদ্দীপকে ১ টাকা দামে এবং ৩ টাকা দামে কোন ধরনের পরিস্থিতির উদ্ভব হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত তালিকায় প্রতিটি দাম স্তরে যোগান ২০ একক করে হ্রাস পেলে ভারসাম্যের উপর কীরূপ প্রভাব পরিলক্ষিত হবে? ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৬. ▶সাজ্জাদ সাহেব মাসিক ৪০,০০০ টাকা মজুরিতে একটি প্রতিষ্ঠানে চাকুরিতে যোগদান করেন। এর বাইরে তিনি আর কোনো সুযোগ-সুবিধা পান না। কিন্তু তাঁর বন্ধু আলীম সাহেব মাসিক ৩০,০০০ টাকা মজুরিতে অপর একটি প্রতিষ্ঠানে যোগদান করেন। বেতনের পাশাপাশি আলীম সাহেব প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ ৮,০০০ টাকা, চিকিৎসা ব্যয় বাবদ ৪,০০০ টাকা এবং টেলিফোন বিল বাবদ ১,৫০০ টাকার অতিরিক্ত সুবিধা পান। ঐ সময়ে দেশের দামস্তর ১০০ টাকা।

ক. শ্রমের চাহিদা বলতে কী বোঝায়? ১

খ. শ্রমের ব্যক্তিগত যোগান রেখা পশ্চাৎমুখী হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. আলীম সাহেবের প্রকৃত মজুরি নির্ণয় কর। ৩

ঘ. আওতা, হিসাব করা নীতি নির্ধারণ ও অর্থনৈতিক তাৎপর্যের প্রেক্ষিতে সাজ্জাদ সাহেব ও আলীম সাহেবের মজুরির মধ্যে তুলনা কর। ৪

৭. ▶ফিরোজ সাহেব তার ৭ জন বন্ধুকে নিয়ে একটি প্রতিষ্ঠান গড়ে তোলেন। প্রতিষ্ঠানটির অর্জিত মুনাফা তারা সমানভাবে ভাগ করে নেন। প্রতিষ্ঠানটির কর্মপরিধি দিন দিন বৃদ্ধি পাওয়ায় মূলধনের ঘাটতি দেখা দেয়। এই ঘাটতি দূর করার জন্য তারা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানে নিবন্ধিত হওয়ার মাধ্যমে শেয়ার বিক্রির সিদ্ধান্ত গ্রহণ করলেন।

ক. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ১

খ. উদ্যোক্তা বলতে সংগঠনকে বোঝায় না– ব্যাখ্যা কর। ২

গ. ফিরোজ সাহেব ও তার বন্ধুদের দ্বারা গঠিত প্রথম উদ্যোক্তা কোন ধরনের সংগঠন? ৩

ঘ. স্থায়িত্ব, ঝুঁকি বহন, মালিক-শ্রমিক সম্পর্ক ও শেয়ার হস্তান্তরের দিক থেকে উদ্দীপকে উল্লিখিত উদ্যোগ দুটির মধ্যে তুলনা কর। ৪

৮. ▶মনে কর একটি অর্থনীতির ভোগ ও বিনিয়োগ সমীকরণ নিম্নরূপ–
$C = 100 + 0.5y, I = 200.$

ক. NNI-এর সংজ্ঞা দাও। ১

খ. GNI এবং GDP-এর মধ্যে মৌলিক পার্থক্য ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সমীকরণ ব্যবহার করে সঞ্চয় ও বিনিয়োগের সমতার মাধ্যমে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় কর। ৩

ঘ. সরকারি ব্যয় ২০০ টাকা যুক্ত হলে ভারসাম্য জাতীয় আয়ের উপর কীরূপ প্রভাব পড়বে? ব্যাখ্যা কর। ৪

৯. ▶একটি বাণিজ্যিক ব্যাংকে প্রাথমিক আমানতের পরিমাণ ২০,০০০ টাকা এবং প্রয়োজনীয় বৈধ রিজার্ভ ১০%। কেন্দ্রীয় ব্যাংক মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সম্প্রতি রিজার্ভের হার বৃদ্ধি করে ২০% করেছে।

ক. অনলাইন ব্যাংকিং বলতে কী বোঝায়? ১

খ. মুদ্রার যোগান বলতে কী শুধু চাহিদা আমানতকেই নির্দেশ করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক কর্তৃক সৃষ্ট ঋণ আমানতের পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক রিজার্ভের হার বৃদ্ধির ফলে ঋণ আমানত সৃষ্টির ক্ষেত্রে কীরূপ প্রভাব পড়বে বলে তুমি মনে কর। ৪

http://teachingbd.com

অর্থনীতি-প্রথম পত্র

বিষয় কোড: ১ ০ ৯

সময়-৪০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. নিম খাজনা দেয়া হয় কেন?
ক জমির উর্বরতা শক্তির জন্য
খ জমির অতিরিক্ত ব্যবহারের জন্য
গ মানবসৃষ্ট উপকরণের সীমাবদ্ধ যোগানের জন্য
ঘ পতিত জমি ব্যবহারের জন্য

২. কোনটি NNI হিসাবে অন্তর্ভুক্ত হয় না?
ক বেসরকারি ভোগ ব্যয় খ বেসরকারি নিট বিনিয়োগ
গ পরোক্ষ কর ঘ অবচয় ব্যয়

নিচের তালিকাটি লক্ষ কর এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:

জমির পরিমাণ	শ্রম	মোট উৎপাদন
১ একর	১০	৫০ (মণ)
১ একর	২০	১৩০ (মন)
১ একর	৩০	২৩০ (মণ)
১ একর	৪০	৪৫০ (মণ)

৩. তালিকানুযায়ী শ্রমিকের নিয়োগ ৩০ জন হলে প্রান্তিক উৎপাদন কত?
ক ৫০ খ ৮০ গ ১০০ ঘ ১৩০

৪. এক্ষেত্রে কোন উৎপাদন বিধি কার্যকর হয়েছে?
ক ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
খ ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
গ ক্রমবর্ধমান মাত্রাগত উৎপাদন বিধি
ঘ ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন বিধি

৫. অংশীদারি কারবারের সদস্য সংখ্যা কত?
ক ২ থেকে ২০ জন খ ৭ থেকে ২০ জন
গ ২ থেকে ৫০ জন ঘ ৭ থেকে ৫০ জন

৬. সসীম বিহিত মুদ্রা কোনটি?
ক ০.৫ পয়সা খ ১০ টাকা
গ ১৫ টাকা ঘ ৫০ টাকা

৭. প্রকৃত মজুরির উপাদান হলো—
i. আর্থিক মজুরি ii. টেলিফোন বিল
iii. শ্রমের বিশেষায়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. ফিশারের বিনিময় সমীকরণ কোনটি?
ক MT = VP খ MV = PT
গ MP = VT ঘ M = VPT

৯. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির প্রবক্তা কে?
ক হিকস খ এলেন গ মার্শাল ঘ রবিন্স

১০. অর্থনীতিতে নির্বাচনের সমস্যা বলতে কী বোঝায়?
ক সম্পদের নির্বাচন খ অভাবের গুরুত্ব নির্বাচন
গ প্রযুক্তি নির্বাচন ঘ মালিকানা নির্বাচন

১১. কখন AC = MC হয়?
ক যখন AC রেখা নিম্নগামী
খ যখন MC রেখা নিম্নগামী
গ যখন AC সর্বনিম্ন ঘ যখন MC সর্বনিম্ন

নিচের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও:



১২. AB রেখার ঢাল কত?
ক −২ খ $-\frac{১}{২}$ গ $\frac{১}{২}$ ঘ ২

১৩. AB রেখা সমান্তরালভাবে বামে স্থানান্তরিত হলে ঢালের মানের কীরূপ পরিবর্তন ঘটবে?
ক বাড়বে খ কমবে
গ শূন্য হবে ঘ স্থির থাকবে

১৪. স্বয়ংক্রিয় মূল্য ব্যবস্থা কোন অর্থনীতির প্রধান বৈশিষ্ট্য?
ক সমাজতান্ত্রিক খ পুঁজিবাদী
গ ইসলামি ঘ মিশ্র

১৫. নিম্নের কোন রেখাটি ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির সাথে সংগতিপূর্ণ?

১৬. দুই বা অতোধিক চলকের নির্ভরশীলতার সম্পর্ককে বলে—
ক পরামিতি খ অপেক্ষক
গ ঢাল ঘ ধ্রুবক

নিচের উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:



১৭. C বিন্দুতে X দ্রব্যের উৎপাদন কত?
ক 20 খ 30 গ 50 ঘ 60

১৮. F বিন্দুতে নিচের কোন পরিস্থিতি নির্দেশিত হয়?
ক সম্পদের দক্ষ ব্যবহার ও বেকারত্ব
খ সম্পদের অদক্ষ ব্যবহার ও বেকারত্ব
গ সম্পদের দক্ষ ব্যবহার ও পূর্ণ নিয়োগ
ঘ সম্পদের অদক্ষ ব্যবহার ও পূর্ণ নিয়োগ

১৯. চাহিদার হ্রাস/বৃদ্ধি ঘটবে যদি—
i. দামের পরিবর্তন হয় ii. রুচির পরিবর্তন হয়
iii. আয়ের পরিবর্তন হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. দুটো দ্রব্য পরস্পর বিকল্প হলে দ্রব্যের আড়াআড়ি চাহিদা রেখা হবে—
ক বাম থেকে ডানে নিম্নগামী
খ বাম থেকে ডানে উর্ধ্বগামী
গ ভূমি অক্ষের সমান্তরাল
ঘ লম্ব অক্ষের সমান্তরাল

Teachingbd.com

নিম্নের প্রদত্ত ছক থেকে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও:
X দ্রব্যের চাহিদা ও যোগান নিম্নরূপ:

দাম (টাকায়)	চাহিদা (একক)	যোগান (একক)
১	২০	০
২	১৫	৫
৩	১০	১০
৪	৫	১৫

২১. X দ্রব্যের ভারসাম্য দাম কত?
ক ১ টাকা খ ২ টাকা গ ৩ টাকা ঘ ৪ টাকা

২২. X দ্রব্যের ক্ষেত্রে—
i. যোগান রেখা ডান দিকে উর্ধ্বগামী
ii. চাহিদা রেখা নিম্নগামী
iii. চাহিদা বিধির ব্যতিক্রম ঘটেছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. Q = C + dp সমীকরণটির ঢাল নিম্নের কোন প্রতীক দ্বারা নির্দেশিত হয়?
ক C খ d গ p ঘ Q

২৪. নিচের কোন রেখাটি 'U' আকৃতি বিশিষ্ট?
ক TC রেখা খ TFC রেখা
গ AFC রেখা ঘ AC রেখা

২৫. মোট উপযোগ সর্বোচ্চ হলে প্রান্তিক উপযোগ—
ক সর্বোচ্চ হয় খ সর্বনিম্ন হয়
গ ধনাত্মক ঘ শূন্য

২৬. প্রকৃত মজুরি পরিমাপের সূত্র কোনটি?
ক আর্থিক মজুরি + দামস্তর
খ আর্থিক মজুরি - দামস্তর
গ $\frac{\text{দামস্তর}}{\text{আর্থিক মজুরি}}$ ঘ $\frac{\text{আর্থিক মজুরি}}{\text{দামস্তর}}$

নিচের উদ্দীপকটি পড় ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:
X দ্রব্যের দাম প্রতি কেজি ২০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪০ টাকা হলে X দ্রব্যের চাহিদা ১৫ কেজি থেকে হ্রাস পেয়ে ১০ কেজি হয়।

২৭. এক্ষেত্রে X দ্রব্যের দাম স্থিতিস্থাপকতা কত?
ক ০ খ $\frac{১}{৩}$ গ ১ ঘ ২

২৮. X দ্রব্যটি কোন ধরনের দ্রব্য?
ক নিকৃষ্ট দ্রব্য খ বিলাস দ্রব্য
গ অতি প্রয়োজনীয় দ্রব্য ঘ ভেবালন দ্রব্য

২৯. একচেটিয়া বাজারের ক্ষেত্রে কোনটি সত্য?
ক P > AR = MR খ P = AR < MR
গ P = AR = MR ঘ P = AR > MR

৩০. মূলধনের গতিশীলতা হলো—
i. মূলধন সিমেন্ট শিল্প হতে চিনি শিল্পে স্থানান্তর হওয়া
ii. মূলধন কোরিয়া হতে বাংলাদেশে স্থানান্তর হওয়া
iii. মূলধনী দ্রব্য হিসেবে নতুন কম্পিউটার ক্রয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩১ ও ৩২নং প্রশ্নের উত্তর দাও:



৩১. চিত্রে শ্রমিকের ভারসাম্য মজুরি ও নিয়োগের পরিমাণ কোনটি?
ক (৫, ১০) খ (৫, ৩০)
গ (১০, ২০) ঘ (১৫, ৩০)

৩২. সরকার ন্যূনতম মজুরি ১৫ টাকা নির্ধারণ করলে—
i. বেকারত্ব বৃদ্ধি পাবে
ii. ভারসাম্য বিনষ্ট হবে
iii. জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের কাজ?
ক নোট প্রচলন খ আমানত গ্রহণ
গ ঋণ আমানত সৃষ্টি ঘ ব্যবসায় বিনিয়োগ

৩৪. অর্থ সরবরাহ থেকে কোন উপাদান বাদ দিয়ে চাহিদা আমানত পাওয়া যায়?
ক জনগণের হাতের মুদ্রা
খ মেয়াদি আমানত
গ জনগণের হাতের মুদ্রা ও মেয়াদি আমানত
ঘ কেন্দ্রীয় ব্যাংকের ভল্টে রক্ষিত মুদ্রা

নিচের উদ্দীপকটি পড় ৩৫ ও ৩৬নং প্রশ্নের উত্তর দাও:
অমিত সাহেব ব্যবসার জন্য ১০,০০০ টাকা দিয়ে একটি মেশিন ক্রয় করলেন। মেশিনের জন্য তার সংস্থাপন খরচ হলো ২,০০০ টাকা। এরপর ৫,০০০ টাকার কাঁচামাল ক্রয় করে তিনি উৎপাদন শুরু করলেন।

৩৫. অমিত সাহেবের ব্যবহৃত চলতি মূলধন কত?
ক ২০০০ টাকা খ ৫০০০ টাকা
গ ৭০০০ টাকা ঘ ১০,০০০ টাকা

৩৬. উদ্দীপকে বর্ণিত ৫০০০ টাকা ব্যয় কোন ধরনের মূলধন?
ক ভাসমান খ সামাজিক
গ প্রকৃত ঘ ঘূর্ণায়মান

৩৭. কোনটি সঞ্চয় সমীকরণ?
ক S = ২০ - ০.৬ Y খ S = -২০ - ০.৬ Y
গ S = ২০ + ০.৬ Y ঘ S = -২০ + ০.৬ Y

৩৮. মুদ্রার যোগান বৃদ্ধি পেলে—
ক মূল্য স্তর হ্রাস পায় খ অর্থের মূল্য বৃদ্ধি পায়
গ অর্থের মূল্য হ্রাস পায়
ঘ অর্থের চাহিদা হ্রাস পায়

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩৯ ও ৪০নং প্রশ্নের উত্তর দাও:



৩৯. চিত্রে MR রেখাটি কোন বাজারের?
ক পূর্ণ প্রতিযোগিতা খ একচেটিয়া
গ মনোপসনি ঘ অলিগোপলি

৪০. চিত্রে ভারসাম্য অর্জনের জন্য কোন রেখাটির প্রয়োজন?
ক AC খ MC
গ AVC ঘ TFC

উত্তর

১	গ	২	ঘ	৩	গ	৪	খ	৫	ক	৬	ক	৭	ক	৮	খ	৯	গ	১০	খ	১১	গ	১২	খ	১৩	ঘ	১৪	খ	১৫	ক	১৬	খ	১৭	ক
২১	গ	২২	ক	২৩	খ	২৪	ঘ	২৫	ঘ	২৬	খ	২৭	খ	২৮	খ	২৯	ঘ	৩০	ক	৩১	গ	৩২	ঘ	৩৩	ক	৩৪	গ	৩৫	খ	৩৬	ঘ	৩৭	ঘ

১৮	খ	১৯	ঘ	২০	খ				
৩৮	গ	৩৯	ক	৪০	খ				

http://teachingbd.com